


সংশোধিত নোটিশ

(২০-০৭-২০১৭ তারিখে প্রকাশিত ভর্তি, ভর্তি বাতিল ও ভর্তির আবেদন সংক্রান্ত নোটিশের সংশোধন)

- ১। আবেদন গ্রহণের সময়সীমা ২৮-০৭-২০১৭ তারিখের স্থলে ৩১-০৭-২০১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।
- ২। শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ২৪-০৭-২০১৭ তারিখের পরিবর্তে ৩০-০৭-২০১৭ তারিখ পর্যন্ত অন-লাইনে ভর্তি বাতিল করতে পারবে।
- ৩। ২৭-০৭-২০১৭ তারিখে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সর্বশেষ শূন্য আসনের (Shift-Version-Group অনুযায়ী) তালিকা ভর্তির ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) প্রদর্শন করা হল।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য আসনে ভর্তির জন্য অন-লাইনে নিম্নলিখিত ক্যাটাগরির শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে-
 - (ক) যেসব শিক্ষার্থী যথাযথভাবে পছন্দক্রম না দেয়ায় ইতোপূর্বে আবেদন করেও ভর্তির জন্য Selection পায়নি;
 - (খ) যেসব শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি;
 - (গ) যেসব শিক্ষার্থী Selection পেয়েও ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করেনি;
 - (ঘ) যেসব শিক্ষার্থী Selection প্রাপ্ত প্রতিষ্ঠানে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করেও ভর্তি হয়নি;
 - (ঙ) যেসব শিক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান তাদেরকে চূড়ান্ত নিশ্চায়ন করেনি;
 - (চ) যেসব শিক্ষার্থী ভর্তি বাতিল করেছে।
- ৫। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেও যথাযথভাবে পছন্দক্রম না দেয়ায় কোন প্রতিষ্ঠানে Selection পায়নি- তারা তাদের পূর্বে দাখিলকৃত আবেদনে পছন্দক্রম পরিবর্তন অথবা শিক্ষা প্রতিষ্ঠান সংযোজন/বিয়োজন করতে পারবে। উল্লেখ্য যে এসব শিক্ষার্থীদের আবেদন ফি প্রদান করতে হবে না। তবে অন্যান্য [৪ এর (খ) থেকে (চ) পর্যন্ত] আবেদনকারীদের আবেদন ফি ১৫০/- টাকা টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে।
- ৬। যেসব শিক্ষার্থী এই পর্যায়ে ইতিমধ্যে আবেদন করেছে তারা পুনরায় অন-লাইনে ২৭-০৭-২০১৭ তারিখে প্রদর্শিত শিক্ষা প্রতিষ্ঠানের সর্বশেষ শূন্য আসনের তালিকা দেখে আবেদনে প্রতিষ্ঠানের অপসন পরিবর্তন ও বিয়োজন এবং নতুন প্রতিষ্ঠান সংযোজন করতে পারবে।
- ৭। আগামী ০২-০৮-২০১৭ তারিখে ভর্তির ফল প্রকাশ করা হবে।
- ৮। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা আগামী ০৩-০৮-২০১৭ থেকে ০৫-০৮-২০১৭ তারিখ পর্যন্ত (টেলিটক/রকেট/শিওর ক্যাশ এর মাধ্যমে) প্রদান করবে।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নির্বাচিত শিক্ষার্থীদেরকে আগামী ০৬-০৮-২০১৭ ও ০৭-০৮-২০১৭ তারিখ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও চূড়ান্ত নিশ্চায়ন করবে।



(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)

সভাপতি, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।